

ন্যাশনাল ক্লিনিক্যাল অডিট হাসপাতালের স্বাস্থ্যসেবার গুণগত মান সম্পর্কে পরিবারের সদস্যদের ও কেয়ারারদের মতামত

এই মতামত জানার প্রশ্নপত্রটি জাতীয় ক্লিনিক্যাল অডিটের একটি অংশ। এর উদ্দেশ্য হলো যেসব ব্যক্তির বিভ্রান্তি বা স্মরণশক্তিতে সমস্যা রয়েছে সেসব লোকদেরকে হাসপাতালে যে সেবাযত্ন দেওয়া হয় সেগুলোর গুণগত মান উন্নত করা। আমরা কেয়ারারদেরকে (পরিবারের সদস্যদেরকে বা কি ওয়ার্কারদেরকে) অনুরোধ করছি, যদি আপনারা **সেপ্টেম্বর 2022 এবং জানুয়ারী 2023** এর মধ্যে স্মরণশক্তিতে সমস্যা সম্পন্ন ব্যক্তিকে **এই হাসপাতালে** ভিজিট করে থাকেন, তাহলে হাসপাতাল থেকে ব্যক্তিটিকে যে সেবাযত্ন দেওয়া হয়েছে সে সম্পর্কে সহ, হাসপাতালের কর্মীদের সাথে আপনাদের যোগাযোগ বা কথাবার্তা সম্পর্কে আপনার মতামত আমাদেরকে জানানোর জন্য। আপনার দেওয়া তথ্য হাসপাতালগুলোর সেবাযত্নের মান উন্নত করতে সহায়তা করার জন্য ব্যবহার করা হবে, যে ক্ষেত্রগুলোতে ভাল কাজ করা হচ্ছে এবং যে ক্ষেত্রগুলো আরো উন্নত করা প্রয়োজন তা চিহ্নিত করার মাধ্যমে। আমরা যে কোনো মন্তব্যকে স্বাগত জানাবো। মন্তব্যগুলোর সারাংশ তুলে ধরে 2023 সালে একটি রিপোর্ট প্রকাশ করা হবে।

প্রশ্নগুলোর উত্তর দেওয়া শেষ করার পর অনুগ্রহ করে সেটি সংযুক্ত ডাকমাশুল পরিশোধিত প্রিপেইড এনভেলাপে ভরে নিয়ে রয়েল কলেজ অব সাইকিয়াট্রিস্টসের প্রজেক্ট টিমের কাছে সরাসরি পাঠিয়ে দেবেন। অনুগ্রহ করে **3 জানুয়ারী 2023** তারিখের ভিতরে প্রশ্নপত্রটি পোস্ট করে নেওয়ার বিষয়টি নিশ্চিত করে নেবেন। যদি আমরা উপরোক্ত তারিখের পরে কোনও উত্তর পাই, তবে আমাদের রিপোর্টে আপনার উত্তর অন্তর্ভুক্ত করতে আমরা সক্ষম নাও হতে পারি। এই প্রশ্নপত্রটি অনলাইনেও রয়েছে:

www.nationalauditofdementia.org.uk

প্রশ্নপত্রের সাথে একটি পোস্টকার্ড সংযুক্ত রয়েছে। এটি পূরণ করে পাঠালে আপনার নাম একটি লটারিতে যোগ করা হবে। এতে আপনার পছন্দের যে কোনো হাই স্ট্রিট স্টোরে খরচ করার জন্য পাঁচটি £50 এর ভাউচারের মধ্যে একটি ভাউচার জিতে নেওয়ার সুযোগ পাবেন। **অনুগ্রহ করে পোস্টকার্ডটি আলাদাভাবে পাঠাবেন। ডাকমাশুল পরিশোধিত প্রিপেইড এনভেলাপে ভরে পাঠাবেন না।**

গোপনীয়তা:

- এই প্রশ্নমালার সব উত্তর গোপন রাখা হবে। হাসপাতালের কর্মীরা আপনার উত্তর দেখার সুযোগ পাবেন না।
- এই ফর্ম পূরণ করে আমাদের কাছে পাঠানোর মাধ্যমে আপনি আমাদের রিপোর্টগুলো সহ জাতীয় অডিটে তা ব্যবহার করতে সম্মত হচ্ছেন। আমরা কিভাবে তথ্য উপাত্ত ব্যবহার করি সে সম্পর্কে তথ্য আমাদের ওয়েবসাইটের প্রাইভেসী নোটিসে পাবেন।
- যদি আপনি প্রশ্নগুলোর উত্তর না দেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে কোনো সমস্যা নেই। এতে আপনি যে ব্যক্তির সেবাযত্ন করেন সেই সেবাযত্নে কোনো ধরনের ত্রুটি বিচ্যুতি হবে না।
- এই প্রশ্নপত্রটি একটি অভিযোগপত্র নয়। প্রকল্পের কর্মীরা প্রশ্নের উত্তর দেখতে পারবেন। তবে যেহেতু আমরা আপনার নাম দিতে বলবো না সেহেতু কর্মীরা আপনার ব্যক্তিগত উদ্বেগ কিংবা অভিযোগের ব্যাপারে ব্যবস্থা নিতে পারবেন না। যদি আপনি অভিযোগ করতে চান, তবে অনুগ্রহ করে সংশ্লিষ্ট সেবা

সংস্থার সাথে আথবা আপনার লোকাল প্যাশেন্ট এডভাইস এন্ড লিয়াজেঁ সার্ভিস (পিএএলএস) এর সাথে কথা বলুন। তারা অভিযোগ করা সম্পর্কে গোপনীয় ভাবে তথ্য দিতে পারবেন।

- যদি আপনি আমাদেরকে কোনো বিপদের ঝুঁকি বা ক্ষতি সম্পর্কে বলেন, তাহলে আমাদেরকে সাথে সাথেই হাসপাতালটির সাথে যোগাযোগ করতে হতে পারে।

ন্যাশন্যাল ক্লিনিক্যাল অডিট সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে আনুগ্রহ করে প্রজেক্ট টিমের সাথে যোগাযোগ করবেন:

ঠিকানা:

NAD Project Team (CCQI)
Royal College of
Psychiatrists
21 Prescott Street
London
E1 8BB

টেলিফোন:

0208 618 4268

(সকাল 9টা থেকে বিকাল
5টা)

ইমেইল:

nad@rcpsych.ac.uk

ওয়েবসাইট:

www.nationalauditofdementia.org.uk

এনএডি কেয়ারার কোয়েশ্চনেয়ার (কেয়ারারদের জন্য এনএডি-র প্রশ্নপত্র) বাংলা ভাষায়ও পাওয়া যায়।

<https://online1.snapsurveys.com/oig18f>

